

# সন্ধ্যায় বিক্ষোভ সমাবেশ করবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

অনলাইন ডেক্স

২৬ আগস্ট ২০২৪, ০৮:৫০ পিএম



ছাত্রদের ওপর আনসার সদস্যদের রাজ্যাত্মক হামলার প্রতিবাদ, ‘ষড়যন্ত্রকারী’ হিসেবে আনসারের সাবেক মহাপরিচালকসহ (ডিজি) সবার বিচার, প্রশাসনকে ফ্যাসিবাদ মুক্ত করার দাবিতে বিক্ষোভ সমাবেশ করবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। আজ সোমবার সন্ধ্যা ৬টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের পাদদেশ তারা এ সমাবেশ করবে।

গতকাল রাবিবার চাকরি জাতীয়করণের দাবিতে আন্দোলনে নামে আনসার সদস্যরা। পরে তারা সচিবালয় ঘেরাও করে। রাত ১০টার মধ্যে চাকরি জাতীয়করণ করে প্রজ্ঞাপনের দাবিও জানায় তারা। পরে তাদের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষ হয়। সংঘর্ষে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আবুল্হাসহ অনেকে আহত হন।

এদিকে, বেআইনিভাবে সড়ক অবরোধ করে পুলিশের কাজে বাধা ও নাশকতাসহ কয়েকটি অভিযোগে রাজধানীর শাহবাগ, পল্টন ও রমনা থানায় প্রায় সাড়ে ৪ হাজার আনসার সদস্যের বিরুদ্ধে মামলা করেছে পুলিশ। এর মধ্যে আজ আনসারের তিন শতাধিক সদস্যকে আদালতে তোলা হয়েছে।